দেশে ফিরতে নতুন পাসপোর্টের আবেদন করলেন শেখ হাসিনা



শেখ হাসিনা। ছবি: সংগৃহীত

ভারতে অবস্থানরত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র পেতে আবেদন করেছেন। আগামী ডিসেম্বরে দেশে ফেরার পরিকল্পনা থেকে এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানা গেছে। ২০২৪ সালে বাংলাদেশ ছাড়ার পর এবারই প্রথম এ বিষয়ে আনুষ্ঠানিক যোগাযোগের তথ্য সামনে এল।

সোমবার (৯ নভেম্বর) রয়টার্সের হাতে পাওয়া একটি চিঠিতে এ তথ্য উঠে এসেছে।

দিল্লিতে বাংলাদেশের দূতাবাসের ভারপ্রাপ্ত হাইকমিশনার প্রীতি রহমানকে পাঠানো চিঠিতে শেখ হাসিনার পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র ইস্যুর ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে। তাঁর পক্ষে চিঠিটি পাঠিয়েছেন লন্ডনভিত্তিক আইনি প্রতিষ্ঠান ম্যাড্রিক্স চেম্বার্সের আইনজীবীরা।

বিস্তারিত আসছে...

LENS ASIA